তারিখ 14 NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক আমাদের সময়

# গফরগাঁও উপজেলা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত শুরু

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ● ময়মনসিংহের গফরগাঁও উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আনোয়ারুল ইসলামের বিরুদ্ধে দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার অভিযোগের তদন্ত শুরু হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা কর্মকর্তা (অডিট) মো. আব্দুল মান্নান গত শনিবার এ তদন্ত শুরু করেন। এদিকে তদন্ত চলাকালে অভিযুক্ত ওই কর্মকর্তা কর্তৃক অভিযোগকারী শিক্ষকদের হুমকি দেওয়া এবং শতাধিক স্কুলের প্রধান শিক্ষককে স্কুলে শিক্ষা অফিসে ডেকে এনে সাদা কাগজে স্বাক্ষর নেওয়া কেন্দ্র করে তোলপাড় হচ্ছে। আনোয়ারুল ইসলামের বিরুদ্ধে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর উপজেলার শিক্ষকরা লিখিতভাবে বিভিন্ন অভিযোগ করেন। অভিযোগের মধ্যে রয়েছে বদলিবাণিজ্য, ঘুষ ও কমিশনবাণিজ্য ইত্যাদি। জানা গেছে, অভিযোগকারী ধোপাঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. হেলাল উদ্দিন ও ভরভরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম জানান, সাক্ষ্য দেওয়ার সময় তদন্তকারী কর্মকর্তার সামনেই বহিরাগতরা তাদের হুমকি দেয় ও গালিগালাজ করে। আনোয়ারুল ইসলাম জানান, তার বিরুদ্ধে আনা অভিযোগ সত্য নয়। তদন্ত কর্মকর্তা আব্দুল মান্নান বলেন, হুমকি কিংবা পেশিশক্তি এখানে কোনো বিষয় নয়। এখানে যে অভিযোগের সত্যতা পাব, এর ভিত্তিতেই তদন্ত প্রতিবেদন দেব।